# AKASHVANI(AIR)
## RNU: KOLKATA
## Bengali Text Bulletin

**Date 09-07-2026** **Time: 7.35 AM**

বিশেষ বিশেষ খবরঃ-

১) পূর্বতন সরকারের আমলে বিভিন্ন দফতরের কাজ নিয়ে শ্বেতপত্র প্রকাশের ব্যাপারে গঠিত মন্ত্রিগোষ্ঠীর আজ প্রথম বৈঠক।

২) পশ্চিমবঙ্গে সেমিকন্ডাক্টর উৎপাদন কেন্দ্র গড়ার প্রস্তাব নিয়ে জাপানের বহুজাতিক শিল্প সংস্থা মিৎসুবিশি, রাজ্য সরকারের সঙ্গে বৈঠক করেছেন।

৩) অতি ক্ষুদ্র, ক্ষুদ্র ও মাঝারি শিল্পোদ্যোগকে টিকিয়ে রাখতে রাজ্যে বৃহৎ শিল্প আনা প্রয়োজন বলে মত প্রকাশ করেছেন বিজেপি-র রাজ্যসভার সাংসদ শমীক ভট্টাচার্য।

৪) মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার জানিয়েছেন, সংবিধান এবং নির্বাচনী আইন মেনেই স্বচ্ছভাবে কমিশনের প্রতিটি কাজ পরিচালিত হয়।

৫) দক্ষিণ ২৪ পরগনার বারুইপুরে নাবালিকাকে ধর্ষণ ও খুনের ঘটনায় পুলিশের গুলিতে মৃত অন্যতম অভিযুক্ত প্রভাস মন্ডলের দেহের ময়না তদন্তের জন্য তিন সদস্যের মেডিকেল বোর্ড গঠন।

৬) রাজ্যের প্রায় সব জেলাতেই আজ ঝড় বৃষ্টির পূর্বাভাষ।

OOOOOOOOOOOOOOOOO

পূর্বতন তৃণমূল কংগ্রেস সরকারের আমলে বিভিন্ন দফতরের কাজ নিয়ে শ্বেতপত্র প্রকাশের ব্যাপারে প্রস্তুতি শুরু করেছে রাজ্য সরকার। মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী ইতিমধ্যেই অর্থমন্ত্রী স্বপন দাশগুপ্তর নেতৃত্বে একটি মন্ত্রীগোষ্ঠী তৈরি করে দিয়েছেন । নবান্নে অর্থ দফতরে আজ ওই মন্ত্রী গোষ্ঠীর প্রথম বৈঠক অনুষ্ঠিত হবে। পঞ্চায়েত মন্ত্রী দিলীপ ঘোষ, শিল্প মন্ত্রী তাপস রায় এই মন্ত্রি গোষ্ঠীতে রছেন। মূলত আগের সরকারের আমলে বিভিন্ন দফতরে সার্বিক অব্যবস্থা ও দুর্নীতি নিয়ে এই শ্বেতপত্র প্রকাশ করা হবে।

যে অনিয়মের জন্য বিপুল পরিমাণ ঋণের বোঝা নতুন সরকারের ওপর চেপেছে, অর্থ দফতরের শ্বেতপত্রে তাই তুলে ধরা হবে বলে সম্প্রতি বিধানসভায় অর্থমন্ত্রী জানিয়েছিলেন।

oooooooooooooooo

পশ্চিমবঙ্গে সেমিকন্ডাক্টর উৎপাদন কেন্দ্র গড়ার প্রস্তাব নিয়ে জাপানের বহুজাতিক শিল্প সংস্থা মিৎসুবিশি, রাজ্য সরকারের সঙ্গে বৈঠক করেছে। নবান্নে গতকাল রাজ্যের অর্থমন্ত্রী স্বপন দাশগুপ্ত, শিল্পমন্ত্রী তাপস রায়, মুখ্যমন্ত্রীর প্রধান উপদেষ্টা সুব্রত গুপ্ত এবং অর্থসচিব প্রভাত মিশ্রের সঙ্গে মিৎসুবিশির প্রতিনিধিদলের বৈঠকে রাজ্য সরকারের তরফে দুর্গাপুর ও পানাগড়ে প্রকল্পের জন্য জমির প্রস্তাব দেওয়া হয়। চলতি মাসের শেষ সপ্তাহে সংস্থার প্রতিনিধিরা সম্ভাব্য জমি পরিদর্শনে আসবেন। তারপর প্রকল্প নিয়ে চূড়ান্ত সিদ্ধান্ত হতে পারে বলে শিল্পমন্ত্রী তাপস রায় জানিয়েছেন। তবে সম্ভাব্য বিনিয়োগের পরিমাণ বা জমির আয়তন সম্পর্কে এখনও কিছু জানানো হয়নি।

কলকাতার তাজ বেঙ্গলে মার্চেন্টস চেম্বার অফ কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির (এমসিসিআই) অনুষ্ঠানে শিল্পমন্ত্রী তাপস রায় বলেন, পূর্ব ভারতে পশ্চিমবঙ্গকে সবচেয়ে আকর্ষণীয় বিনিয়োগের গন্তব্যে পরিণত করাই নতুন রাজ্য সরকারের প্রধান লক্ষ্য। ঐতিহ্যবাহী পাট ও চা শিল্পের আধুনিকীকরণের পাশাপাশি সেমিকন্ডাক্টর, কৃত্রিম

বুদ্ধিমত্তা, ডেটা সেন্টার এবং গ্লোবাল ক্যাপাবিলিটি সেন্টারের মতো উচ্চ প্রযুক্তিনির্ভর শিল্পে বিশেষ জোর দেওয়া হবে।

খুব শীঘ্রই রাজ্যের নতুন শিল্পনীতি ঘোষণা করা হবে। একই সঙ্গে শিল্প স্থাপনের ক্ষেত্রে সিঙ্গল উইন্ডো ব্যবস্থা আরও শক্তিশালী করা, শিল্প করিডর ও শিল্প ক্লাস্টারের উন্নয়ন এবং ব্যবসা-বান্ধব পরিবেশ তৈরিতে সরকার অগ্রাধিকার দেবে।

oooooooooooooooo

অতি ক্ষুদ্র, ক্ষুদ্র ও মাঝারি শিল্পোদ্যোগকে টিকিয়ে রাখতে রাজ্যে বৃহৎ শিল্প আনা প্রয়োজন বলে মত প্রকাশ করেছেন বিজেপির রাজ্য সভাপতি, রাজ্য সভার সাংসদ শমীক ভট্টাচার্য। উত্তর কলকাতায় ক্ষুদ্র অতিক্ষুদ্র ও মাঝারি শিল্প মন্ত্রকের অধীন ন্যাশনাল স্মল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন এবং অখিল ভারতীয় স্বর্ণকার বিকাশ পরিষদ আয়োজিত এক কর্মশালায় গতকাল তিনি বলেন, শিল্পের জন্য সর্বাগ্রে প্রয়োজন অনুকূল জমি নীতি। বর্তমান রাজ্য সরকার এব্যাপারে ইতিমধ্যেই পদক্ষেপ নিতে শুরু করেছে।

অনুষ্ঠানে এনএসআইসির জেনারেল ম্যানেজার অনুপম গায়েন বলেন, রাজ্যে ছোট শিল্পোদ্যোগীদের জন্য বিনিয়োগ, পণ্যের বাজারজাত করা এবং প্রশিক্ষণের সবরকমের ব্যবস্থা রয়েছে। এর জন্য দফতরের শিলিগুড়ি ও কলকাতার দুটি কার্যালয়ে প্রয়োজনীয় হেল্প ডেস্ক খোলা হয়েছে।

oooooooooooooooo

আদিবাসীদের কল্যাণে কেন্দ্রীয় সরকারের যাবতীয় প্রকল্প অবিলম্বে এরাজ্যে শুরু করার ওপর জোর দিয়েছে বিজেপি। কলকাতায় গতকাল এক আদিবাসী সম্মেলনে দলের রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য বলেন, আদিবাসী সম্প্রদায়ের উন্নয়নে প্রধানমন্ত্রী জনজাতি আদিবাসী ন্যায় মহা অভিযান বা পিএম জনমন প্রকল্প দেশের অন্যান্য রাজ্যে চালু হলেও রাজনৈতিক অভিসন্ধীর কারণে পশ্চিমবঙ্গের মানুষ এই সুবিধা থেকে বঞ্চিত

হয়েছে। রাজ্যের বর্তমান মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী ইতমধ্যে পিএম জনমন প্রকল্প চালু করার উদ্যোগ নিয়েছেন।

দেশে চল্লিশটি আদিবাসী গোষ্ঠীর মধ্যে বর্তমানে ৩৫টি-র অস্বিস্ত রয়েছে। বাকি পাঁচটি গোষ্ঠী বিলুপ্ত হয়ে গেছে এবং আরো কয়েকটি বিলুপ্তির পথে। তাই আদিবাসীদের স্বার্থ রক্ষায় সরকার তৎপর বলে তিনি জানান।

oooooooooooooooo

স্বচ্ছতা অভিযানের অঙ্গ হিসাবে রাজ্য সরকার, সাফাই কর্মীদের সুরক্ষায় তাদের হাতে স্বচ্ছ কবচ কিট তুলে দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে। মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী গতকাল কলকাতার আলিপুরের উত্তীর্ন প্রেক্ষাগৃহে এই কর্মসূচীর সূচনা করেন। তিনি বলেন, আগামী দুমাসের মধ্যে রাজ্যজুড়ে ৫০ হাজার সাফাই কর্মীর হাতে রেনকোট, গামবুট, জ্যাকেট, গ্লাভস, টুপি সহ এই সুরক্ষা কিট তুলে দেওয়া হবে। প্রতি তিন মাস অন্তর করা হবে তাদের স্বাস্থ্য পরীক্ষা।

এছাড়াও পরিবেশ রক্ষায় রাজ্যে সাত কোটি গাছ লাগানোর লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে বলে তিনি জানিয়েছেন।

(বাইট – মুখ্যমন্ত্রী)

এর আগে পুর ও নগরোন্নয়ন মন্ত্রী অগ্নিমিত্রা পাল বলেন, আগামী পয়লা সেপ্টেম্বর থেকে রাজ্যে যত্রতত্র ময়লা, আবর্জনা, থুতু ফেললে ২০০ টাকা জরিমানা করা হবে। রাজ্যের বিভিন্ন গুরুত্বপূর্ণ বাজারে ব্যাগ ভেন্ডিং মেশিন বসানো হবে বলেও তিনি ফের জানান।

oooooooooooooooo

মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার জানিয়েছেন, সংবিধান এবং নির্বাচনী আইন মেনেই স্বচ্ছভাবে কমিশনের প্রতিটি কাজ পরিচালিত হয়। নতুন দিল্লিতে গতকাল

মিডিয়া এবং কমিউনিকেশন অফিসারদের তৃতীয় একদিনের সম্মেলনে অংশ নিয়ে তিনি বলেন, সাম্প্রতিক বিধানসভা নির্বাচনগুলিতে ভোটদাতাদের রেকর্ড অংশগ্রহণ নির্বাচনী ব্যবস্থার প্রতি তাদের আস্থার প্রতিফলন। সামাজিক মাধ্যমে বিভিন্ন সময়ে ছড়িয়ে পড়া ভুল তথ্য বিষয়ে আধিকারিকদের সতর্ক করে তিনি বলেন, এই ধরনের বিভ্রান্তিকর তথ্য সম্পর্কে মানুষকে সচেতন করতে আরও বেশি করে প্রচার চালাতে হবে। কমিশনের নিয়ম নীতি ও নির্দেশিকা মেনে এই ধরনের ঘটনা রুখতে হবে বলে তিনি জানান।

oooooooooooooooo

দক্ষিণ ২৪ পরগনার বারুইপুরে নাবালিকাকে ধর্ষণ ও খুনের ঘটনায় পুলিশের গুলিতে মৃত অন্যতম অভিযুক্ত প্রভাস মন্ডলের দেহে ময়না তদন্তে তিন সদস্যের মেডিকেল বোর্ড গঠন করা হয়েছে। বোর্ডে রয়েছেন, কলকাতা মেডিকেল কলেজ, NRS, ন্যাশনাল মেডিকেল কলেজের তিন বিশেষজ্ঞ চিকিৎসক। কলকাতা মেডিকেল কলেজের পুলিশ মর্গে নির্দিষ্ট নিয়ম মেনে ময়নাতদন্তের সম্পূর্ণ ভিডিওগ্রাফী করা হবে। পুলিশ কিংবা জেল হেফাজতে থাকা বন্দির মৃত্যুর ক্ষেত্রে জাতীয় মানবাধিকার কমিশনের নির্দেশিকা মেনে ময়না তদন্ত হয়। এক্ষেত্রেও তাই হবে বলে স্বাস্থ্য দপ্তর সূত্রে জানা গেছে।

আগেই জানানো হয়েছে, গত মঙ্গলরাতে সূর্যপুরে অকুস্থলে প্রভাসকে নিয়ে পুলিশ ঘটনার পুনর্নির্মাণে গেলে এক পুলিশ কর্মীর বন্দুক ছিনিয়ে সে পালানোর চেষ্টা করে বলে অভিযোগ। পুলিশকে লক্ষ্য করে এক রাউন্ড গুলিও চালায় সে। এরপরই আত্মরক্ষার্থে পুলিশ পাল্টা গুলি চালালে নিহত হয় অভিযুক্ত।

এদিকে, নাবালিকাকে ধর্ষণ ও খুনের ঘটনাকে কেন্দ্র করে গণপিটুনীতে একজনের মৃত্যু, পুলিশের ওপর হামলা এবং সরকারি সম্পত্তি ভাঙচুরের তিনটি পৃথক মামলায় মোট ১৮ জনকে গ্রেপ্তার করেছে পুলিশ। এর মধ্যে গণপিটুনীর ঘটনায় ২ জন, পুলিশের

ওপর আক্রমণের অভিযোগে ৯ এবং সরকারি সম্পত্তি ভাঙচুরের ঘটনায় ৭ জনকে ধরা হয়েছে। প্রথম ২ জনের ১০ দিনের এবং বাকিদের ৯ দিনের পুলিশ হেফাজত হয়েছে।

oooooooooooooooo

বারুইপুরে নাবালিকাকে ধর্ষণ ও খুন সহ একাধিক ঘটনার প্রতিবাদে কলকাতায় তৃণমূল কংগ্রেসের মিছিলকে লক্ষ্য করে শ্লোগান, দু-পক্ষের বচসা ও হাতাহাতির যে অভিযোগ বিজেপি-র বিরুদ্ধে উঠেছে, তা খারিজ করে দিয়েছেন দলের রাজ্য সভাপতি শমিক ভট্টাচার্য।

(বাইট – শমিক)

তৃণমূল কংগ্রেস নেত্রী, প্রাক্তন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী এই ঘটনায় পুলিশী নিষ্ক্রিয়তার অভিযোগ তুলেছেন। পুলিশ আইনশৃঙ্খলা রক্ষায় ব্যর্থ বলে তার দাবি।

(বাইট – মমতা)

সি পি আই এম-এর কেন্দ্রীয় কমিটির সদস্য, সুজন চক্রবর্তী বলেছেন, তৃণমূল কংগ্রেসের নীতি নিয়ে বিজেপি পথ চলছে।

(বাইট – সুজন)

oooooooooooooooo

কলকাতার তিলজলায় মেয়ের বান্ধবীকে ধর্ষণের অভিযোগে এক ব্যক্তিকে পুলিশ গ্রেফতার করেছে। জানা গেছে বেশ কয়েকদিন ধরে অভিযোগকারী বান্ধবীর বাড়িতে থাকছিলেন। সেই সুযোগে বান্ধবীর বাবা তাঁকে একাধিকবার ধর্ষণ করে বলে অভিযোগ।

ঘটনার কথা কাউকে জানালে প্রাণ মেরে ফেলার হুমকিও দেওয়া হয় তাকে। পরে অসুস্থ হয়ে পড়লে নিজের বাড়িতে ঘটনার কথা জানান তরুণী।

০০০০০০০০০০০০০০০০

ইডি আধিকারিকের পরিচয় দিয়ে কলকাতা পুরসভার প্রাক্তন তৃণমূল কংগ্রেস কাউন্সিলর মোনালিসা বন্দ্যোপাধ্যায়কে হুমকি দেওয়ার অভিযোগে এক ব্যক্তিকে পুলিশ গ্রেপ্তার করেছে। মোনালিসার ফোন পেয়ে রবীন্দ্র সরোবর থানার পুলিশ, দেশপ্রিয় পার্কের পেছনে একটি ক্যাফে থেকে হাতেনাতে অভিযুক্ত যুধাজিৎ ঘোষকে পাকড়াও করে। প্রাক্তন কাউন্সিলরের বিরুদ্ধে অর্থ পাচারের মিথ্যে অভিযোগ তুলে তাঁকে এই মামলা থেকে নিষ্কৃতি দেওয়ার নামে বিপুল অঙ্কের টাকা দাবি করছিল অভিযুক্ত।

০০০০০০০০০০০০০০০০

ময়দানে গান্ধী মূর্তি পাদদেশে ২১-শে জুলাই-এ শহীদ সমাবেশ করার ব্যাপারে পুলিশের অনুমতি চেয়েছে তৃণমূল কংগ্রেসের বিক্ষুব্ধ শিবির। বিরোধী দলনেতা ঋতব্রত বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে পাঁচ বিদ্রোহী বিধায়ক গতকাল রাজ্য পুলিশের মহা নির্দেশক সিদ্ধিনাথ গুপ্তার সঙ্গে দেখা করে এই প্রস্তাব দেয়। পাশাপাশি দলীয় কর্মীদের ওপর অত্যাচার এবং দলীয় কার্যলয় ভাঙচুর বন্ধের জন্য উপযুক্ত ব্যবস্থা নিতেও ডিজির কাছে অনুরোধ জানিয়েছেন তাঁরা।

০০০০০০০০০০০০০০০০

পূর্ব মেদিনীপুরের শঙ্করপুর থেকে মাছ ধরতে গিয়ে ট্রলার সহ ১৫ জন মৎস্যজীবী নিখোঁজ। গত দোসরা জুলাই জয় মাকালী নামে ওই ট্রলারটি নিয়ে মৎস্যজীবীরা রওনা দেন। নিখোঁজ ১৫ জনের মধ্যে তিনজন ওড়িশার বাসিন্দা। তাদের সন্ধানে তল্লাশি শুরু হয়েছে।

০০০০০০০০০০০০০০০০

রাজ্যের প্রায় সব জেলাতেই আজ ঝড় বৃষ্টির পূর্বাভাস রয়েছে। উত্তরবঙ্গের হিমালয় সন্নিহিত ৫ জেলায় ভারী থেকে অতি ভারী বৃষ্টির কমলা সতর্কতা রয়েছে। উত্তর ও দক্ষিণ দিনাজপুর জেলায় রয়েছে ভারী বৃষ্টির হলুদ সর্তকতা।

এদিকে, দক্ষিণবঙ্গেও আজ ঝড় বৃষ্টির পূর্বাভাস রয়েছে। উত্তর ও দক্ষিণ 24 পরগনা জেলায় রয়েছে ভারী বৃষ্টির হলুদ সর্তকতা। এছাড়াও নদিয়া, বীরভূম, মুর্শিদাবাদ, পূর্ব ও পশ্চিম বর্ধমান জেলায় ঘন্টায় 40 থেকে 50 কিলোমিটার বেগে ঝোড়ো হাওয়া এবং বজ্রবিদ্যুৎসহ বৃষ্টির সম্ভাবনা রয়েছে বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে।

OOOOOOOOOOOOOOOO

OOOOOOOOOOOOOOOO